CAREERINDIA

Language Code : **04**

इस पुस्तिका में **20** मुद्रित पृष्ठ हैं।
This booklet contains **20** Printed pages.

# SED-24-II

**प्रश्न-पत्र-II / PAPER-II**
**बंगाली भाषा परिशिष्ट**
**Bengali Language Supplement**
**भाग-IV & V / PART-IV & V**

मुख्य परीक्षा पुस्तिका संख्या / Main Test Booklet No.

मुख्य परीक्षा पुस्तिका कोड / Main Test Booklet Code
**F**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20) पर दिए निर्देशों को ध्यान से पढ़ें।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगाली में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें। / FOR INSTRUCTIONS IN BENGALI SEE PAGE 2 OF THIS BOOKLET.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगाली** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं**।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं। भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं OMR उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **F**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, OMR उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है। अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगाली) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगाली) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं। इस परीक्षा पुस्तिका में केवल बंगाली भाषा से संबंधित प्रश्न दिए गए हैं। **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगाली के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए। जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा-I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें। अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें। उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है।

## INSTRUCTIONS FOR CANDIDATES

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page/ marking responses in the OMR Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **F**. Make sure that the CODE printed on **Side-2** of the OMR Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bengali) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bengali) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bengali language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part-V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) / Roll Number : in figures ____________________
: शब्दों में / in words ____________________
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ____________________ निरीक्षक के हस्ताक्षर : ____________________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile Signature Stamp of
Centre Superintendent : ____________________

www.careerindia.com

CAREERINDIA

Language Code : **04**

# SED-24-II

**প্রশ্ন পত্র-II**

**বাংলা ভাষা পরিশিষ্ট**

**ভাগ-IV & V**

মুখ্য পরীক্ষা পুস্তিকা কোড

**F**

**বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত**

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠা 19 এবং 20) মুদ্রিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **-এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ।
2. পরীক্ষার্থীরা ভাগ I, II, III -এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V -এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V-এ দেওয়া আছে। পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিশিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন।
4. এই পৃষ্ঠার বিবরণগুলি লেখার জন্য এবং OMR উত্তর পত্রে উত্তর চিহ্নিতকরণের জন্য **কেবলমাত্র নীল/কালো বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **F**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং OMR উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন। কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (Invigilator)-এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে 60টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান। প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :

   ভাগ IV : ভাষা I (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)

   ভাগ V : ভাষা II (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)
7. **ভাগ IV-এ ভাষা I-এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V-এ ভাষা II-এর জন্য আছে 30টি প্রশ্ন। যদি ভাষা I এবং/অথবা ভাষা II-এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন। আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে।**
8. **পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) -এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV)-এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা। অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) -এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না।**
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work)-এর জন্য নির্দিষ্ট খালি-জায়গার মধ্যেই rough work করতে হবে।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিতকরণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে।

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ______________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) : ______________________

: (অক্ষরে) : ______________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ______________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ______________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ______________

Facsimile signature stamp of
Centre Superintendent ______________________

www.careerindia.com

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **Language-I** only.

www.careerindia.com

CAREERINDIA

# PART-IV
## LANGUAGE-I
## BENGALI

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

কার্তিকবাবুর আত্মীয় হিসাবে গোপালদা, কেশব সেন আমাদের পল্লিতে প্রায় নিত্যই আসিতেন। আমাদের বাড়িতে আসিয়া অনেক গল্প করিতেন। কেশব সেন রচিত নাটক তখন কলিকাতার নানা ইস্কুলে অভিনীত হইত। বাবা তাঁহাকে ডাকিয়া একদিন বলিলেন, গোপাল, তুমি এই দুইটিকে — আমাকে ও আমার ভাইকে — ইস্কুলে ভর্তি করিয়া দাও। কোন ইস্কুলে ভর্তি করিবে তাহা তুমিই ঠিক করিবে। এই বিষয়ে আমার কিছু বলিবার নাই। গোপালদা আমাদের নিউ ইণ্ডিয়ান স্কুলে লইয়া গেলেন। এই ইস্কুলের নীচের ক্লাসগুলি বসিত কর্ণওয়ালিশ স্ট্রিটে একটি বৃহৎ অট্টালিকার একতলায়। এই বাড়িটি দত্ত বাড়ি বলিয়া পরিচিত ছিল। সেই দত্ত বাড়ি ভাঙিয়া তাহার জমিতে রূপবাণী সিনেমাভবন নির্মিত হইয়াছিল। রূপবাণী নামটি দিয়াছিলেন রবীন্দ্রনাথ। তবে গোপালদা আমাদের দুই জনকে ইস্কুলের মেন বিল্ডিংয়ে লইয়া গেলেন। ওই বাড়িটি ছিল কর্ণওয়ালিশ স্ট্রিটের উপরে স্কটিশ চার্চ কলেজিয়েট স্কুলের বিপরীত দিকে। কিছুক্ষণের মধ্যেই ইস্কুলের হেডমাস্টার মশায় আমাদের তাঁহার ঘরে ডাকিলেন। আমরা দুই জনে হেডমাস্টার মশায়ের ঘরে প্রবেশ করিয়া দাঁড়াইয়া রহিলাম। হেডমাস্টার মশায়, নরেন্দ্রনাথ ভট্টাচার্য আমাদের বসিতে বলিলেন এবং আমাদের ইংরাজি, বাংলা এবং অঙ্কের বইগুলি দেখিতে চাহিলেন। বইগুলি হাতে লইয়া হেডমাস্টার মশায় আমাদের ইংরাজি এবং বাংলা বই হইতে দুইটি অনুচ্ছেদ বাছিয়া আমাদের পড়িতে দিলেন। ইহার পর ইংরাজি এবং বাংলার কতগুলি শব্দের অর্থ এবং বানান জিজ্ঞাসা করিলেন। হঠাৎ তিনি ইংরাজিতে কথা বলিতে আরম্ভ করিলেন এবং প্রত্যেকটি প্রশ্নের জবাব ইংরাজিতে দিতে বলিলেন। সব শেষে বলিলেন, তোরা ক্লাস ফাইভ পাস করিয়া আসিয়াছিস ক্লাস সিক্সে অর্থাৎ ইস্কুলের ফিফ্‌থ ক্লাসে তোদের ভর্তি হওয়া উচিত। আমি তোদের ফোর্থ ক্লাসে ভর্তি করিলাম। তাহার পর হেডমাস্টার মশায় আমাদের ভর্তির ফর্ম ফিল আপ করিতে বলিলেন। এখন বলি আমাদের হেডমাস্টার মশায় ভর্তির দিনই আমাদের প্রসঙ্গত একটু ইংরাজি শিখাইলেন। ফর্মে রিলিজিয়নের ঘরে আমরা লিখিয়াছিলাম হিন্দু। হেডমাস্টার মশায় বলিলেন, তোরা হিন্দু তোদের ধর্ম হিন্দুইজম।

**91.** 'হেডমাস্টার মশাই ভর্তির দিনই আমাদের প্রসঙ্গত একটু ইংরাজি শিখাইলেন।' - কাজটা অতিরিক্ত এবং ঃ

(1) অনভিপ্রেত (2) অনমনীয় (3) অনতিযত্ন (4) অভিনন্দনযোগ্য

**92.** স্কুলে ভর্তির জন্য বক্তাকে কোন দুটি বিষয়ে মৌখিক পরীক্ষা দিতে হয়েছিল ?

(1) বাংলা ও ইংরেজি (2) বাংলা ও অংক

(3) ইংরেজি ও রিলিজিয়ন (4) অংক ও ইংরেজি

**93.** গদ্যাংশটি কোন শ্রেণির ?

(1) ক্ষেত্রসমীক্ষা (2) আত্মজীবনী (3) শিক্ষামূলক সন্দর্ভ (4) প্রতিবেদন



www.careerindia.com

CAREERINDIA

**94.** 'অট্টালিকা'-র সমার্থক শব্দ কোনটি ?

(1) মঞ্জিল (2) কুঞ্জবাটিকা (3) তয়খানা (4) পর্ণশালা

**95.** 'কোন ইস্কুলে ভর্তি করিবে তাহা তুমিই ঠিক করিবে।' - এই উক্তিতে তৎকালীন সমাজের কোন বৈশিষ্ট্যটি প্রতিফলিত হয়েছে ?

(1) সন্তানদের প্রতি উদাসীনতা (2) পারস্পরিক সম্পর্কের অসমতা

(3) পারস্পরিক সম্পর্কের নির্ভরযোগ্যতা (4) লেখাপড়ার প্রতি উদাসীনতা

**96.** বক্তার বাবা তাঁর দুই পুত্রকে স্কুলে ভর্তি করার দায়িত্ব নিজে না নিয়ে গোপালদাকে দিয়েছিলেন। - কারণ ঃ

**(ক)** পুত্রদের লেখাপড়ার ব্যাপারে তাঁর তেমন আগ্রহ ছিল না।

**(খ)** গোপালদার প্রতি তাঁর পূর্ণ আস্থা ছিল।

(1) কারণ **(ক)** ও **(খ)** - দুটোই ঠিক (2) কারণ **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল

(3) কারণ **(ক)** ও **(খ)** - দুটোই ভুল (4) কারণ **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক

**97.** 'আমাদের বাড়িতে আসিয়া অনেক গল্প করিতেন।' - বাক্যটিকে সার্থক জটিলবাক্যে রূপান্তরিত করলে হবে ঃ

(1) যেমন আমাদের বাড়িতে আসিতেন, তেমন অনেক গল্প করিতেন।

(2) যখন আমাদের বাড়িতে আসিতেন তখন অনেক গল্প করিতেন।

(3) যেহেতু আমাদের বাড়িতে আসিতেন সেহেতু অনেক গল্প করিতেন।

(4) যেরূপ আমাদের বাড়িতে আসিতেন, সেইরূপ অনেক গল্প করিতেন।

**98.** ফর্মে রিলিজিয়নের ঘরে বক্তা কী ভুল করেছিলেন ?

(1) বিশেষ্যের নির্বাচনে (2) বিশেষণের নির্বাচনে

(3) বিশেষ্যর স্থলে ক্রিয়াবিশেষণ প্রয়োগ করে (4) বিশেষণের স্থলে বিশেষ্য প্রয়োগ করে

**99.** বক্তা ও তার ভাইকে স্কুলে ভর্তি করানোর দায়িত্ব কে নিয়েছিলেন ?

(1) এক আত্মীয়ের পরিচিতজন (2) এক নিকট আত্মীয়

(3) এক দুঃসম্পর্কীয় আত্মীয় (4) এক পরিচিতজনের আত্মীয়

www.careerindia.com

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত কবিতাটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

যদিও আলো আছে তবু ধরা যাক একটা সুড়ঙ্গের মধ্য দিয়ে আমরা চলেছি
কিংবা চলেছে আমাদের এই মন্থর যান

কখনো থামছে কখনো চলছে কিন্তু আমরা নামছি না কখনো
এই জানলার ধার ছেড়ে

দুধারে দেয়ালের উলকিগুলি হাতছানি দেয় অনেকরকম
কিন্তু দিশেহারা হবার ভয়ে আঁকড়ে আছি পাল্লা

আর আমাদের নিশ্বাস বন্ধ হয়ে আসছে যেন খনির মধ্যে চাপে
কেননা এই একইরকম একইরকম একইরকম

একই পথ দিয়ে আমাদের প্রতিদিনের যাওয়া আর
ফিরে আসাও কখনো কখনো

আমাদের মগজের মধ্যে নামিয়ে আনে বকেয়া কত ঘুম আর
ঝিমিয়ে পড়ে অনেকদিনের মাথা

আমরা চলছি না থেমে আছি ঘুমের মধ্যে বোঝা যায় না
আবছা হয়ে ভেসে যাচ্ছে দেয়ালগুলির লেখা

মাঝেমাঝে ঝাঁকুনি দিয়ে কোনো কোনো স্বপ্ন-আভাস
মুছে নেয় চারপাশের আদল

স্রোতের অনেক ভিতর ছিঁড়ে অতর্কিত মাছের মতো
চমকে হঠাৎ দেখি আলোর দিকে
কয়েকজন যুবা আমায় ঘুম ভাঙিয়ে বলে, এই-যে,
আগুন জ্বালব, নেমে আসুন পথে।

**100.** কবিতার শেষ দুই পঙ্ক্তিতে উল্লেখিত 'আগুন' জ্বালানোর ঘোষণাটি কীসের বার্তা দেয় ?

(1) স্থিতাবস্থার বিরুদ্ধে বিদ্রোহের
(2) শান্তির বিরুদ্ধে সন্ত্রাসের
(3) অবিমৃষ্যকারিতার
(4) আত্মহননের

**101.** কবিতাটির মধ্যে কবি মূলত কী প্রকাশ করতে চেয়েছেন ?

(1) আমাদের অবরুদ্ধ সামাজিক জীবনের ছবি
(2) একটি ব্যক্তিগত ভ্রমণ অভিজ্ঞতা
(3) একটি ব্যক্তিগত ভ্রমণ পরিকল্পনা
(4) আমাদের মুক্ত সামাজিক জীবনের ছবি

**102.** কবিতার শেষ স্তবকে উল্লেখিত 'কয়েকজন যুবা' কারা ?

(1) আমোদপ্রিয় তরুণ সম্প্রদায়
(2) সামাজিক স্থিতাবস্থা ভাঙার অগ্রদূত
(3) সামাজিক অগ্রগতি রোধের কায়েমি শক্তি
(4) আদর্শচ্যুত নবীন প্রজন্ম

CAREERINDIA

**103.** 'দিশেহারা হবার ভয়ে আঁকড়ে আছি পাল্লা।' - অর্থাৎ দিশেহারা হবার ভয়ে আঁকড়ে আছি ঃ

(1) আমাদের আত্মসচেতনতার অবলম্বন
(2) আমাদের মনুষ্যত্বের অবলম্বন
(3) আমাদের সভ্যতার অবলম্বন
(4) আমাদের আত্মকেন্দ্রিকতার অবলম্বন

**104.** '. . . একটা সুড়ঙ্গের মধ্য দিয়ে আমরা চলেছি/কিংবা চলেছে আমাদের এই মন্থর যান।' - এখানে 'কিংবা' শব্দটির দরকার হল, কারণ ঃ

**(ক)** এই চলায় আমাদের সক্রিয় ভূমিকা নেই।

**(খ)** এই চলায় অগ্রগতি নেই।

(1) কারণ **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক
(2) কারণ **(ক)** এবং **(খ)** - দুটোই ভুল
(3) কারণ **(ক)** এবং **(খ)** - দুটোই ঠিক
(4) কারণ **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল

**105.** কবিতার অষ্টম স্তবকে উল্লেখিত 'মঝেমাঝে ঝাঁকুনি'র ফলে কী হয় ?

(1) শান্তি বিঘ্নিত হয়
(2) স্বপ্ন-বাস্তবতার ঘোর কেটে যায়
(3) জীবনের স্বাভাবিক ভারসাম্য নষ্ট হয়
(4) প্রগতি ব্যাহত হয়

**106.** উপাদানসমূহের প্রামাণিকতা (Authenticity of materials) বলতে বোঝায় ঃ

(1) ভারপ্রাপ্ত মানুষদের দ্বারা লিখিত বা বিবর্ধিত উপাদানসমূহ
(2) বাস্তব জীবন বিষয়ে লিখিত অথবা বিবর্ধিত উপাদানসমূহ
(3) সেইসব উপাদান, যা শিশুরা তাদের বাড়ি থেকে নিয়ে আসে
(4) শিক্ষিকার দ্বারা তাঁর শ্রেণির উদ্দেশ্যে লিখিত উপাদানসমূহ

**107.** নীচের কোনটি 'গ্রহনোন্মুখ' (receptive) দক্ষতা হিসেবে পরিচিত ?

(1) পঠন এবং কথন
(2) কথন এবং লিখন
(3) শ্রবণ এবং পঠন
(4) শ্রবণ এবং লিখন

**108.** পঞ্চম শ্রেণির অপর্ণা বোঝে যে কোনো বক্তৃতা বা শ্রুতি উপস্থাপনা অনুধাবণ করতে হলে তার প্রতিটি ধ্বনি (sound), শব্দ (word) এবং তারপর তার বাক্যগুলি শুনতে হবে। - শ্রবণ শিখনের কোন পদ্ধতি বা কৌশলের উপর অপর্ণার বিশ্বাস দাঁড়িয়ে আছে ?

(1) বটম-আপ পদ্ধতি (Bottom-up approach)
(2) টপ-ডাউন এবং বটম-আপ পদ্ধতি - দুইটি
(3) টপ-ডাউন বা বটম আপ পদ্ধতি - কোনোটিই নয়
(4) টপ-ডাউন পদ্ধতি (Top-down approach)

www.careerindia.com

**109.** নীচের কোনটি জাতীয় শিক্ষা নীতি (NEP) 2020-র প্রস্তাবিত বিদেশি ভাষা অধ্যয়ন সম্পর্কে **সঠিক নয়** ?

(1) ত্রিভাষা সূত্রের অন্তর্ভুক্ত একটি ভাষা হিসেবে বিদেশি ভাষা অধ্যয়ন।

(2) বিদেশি ভাষা ত্রিভাষা সূত্রের তিনটি ভাষার অন্তর্গত নয়।

(3) ফরাসি বা ফ্রেঞ্চ একটি অন্যতম অতিরিক্ত ভাষা অধ্যয়ন হিসেবে প্রস্তাবিত।

(4) মাধ্যমিক স্তরে একটি অতিরিক্ত বিকল্প হিসেবে বিদেশি ভাষা অধ্যয়ন।

**110.** বহু ভারতীয় চাকরি সূত্রে বিদেশে গিয়ে সেখানকার ভাষা শেখেন। - ভাষা শেখার এই প্রণোদনাকে কী বলা হবে ?

(1) সম্পূরক প্রণোদনা

(2) সংসাধক প্রণোদনা

(3) সম্পূরক অথবা সংসাধক - কোনো প্রণোদনাই নয়

(4) সম্পূরক (integrative) এবং সংসাধক (instrumental) প্রণোদনা - দুইই

**111.** এখানে কয়েকটি বিবৃতির বা একটি পাঠ দেওয়া হল। পাঠটি কোন ভাষা রেজিস্টারকে প্রতিনিধিত্ব করছে জানান ?

'ভারতীয় সংবিধান প্রতিটি নাগরিকের সমান মর্যাদা ঘোষণা করেছে। অর্থাৎ নারী, পুরুষ সহ বিভিন্ন জাত-পাত, ধর্ম, বংশ, শিক্ষাগত ও অর্থনৈতিক প্রেক্ষাপট থেকে আগত প্রতিটি মানুষই সংবিধানের দৃষ্টিতে সমান। তার অর্থ এটা নয় যে দেশে অসাম্য নেই। অসাম্য আছে। কিন্তু গণতান্ত্রিক ভারতবর্ষ অন্তত নীতিগতভাবে সমস্ত মানুষের সমান মর্যাদাকে স্বীকৃতি জানিয়েছে।

(1) সমাজ বিজ্ঞান রেজিস্টার (Social Science register)

(2) আইনি রেজিস্টার (Legal register)

(3) বৈজ্ঞানিক রেজিস্টার (Scientific register)

(4) রাজনীতি রেজিস্টার (Politic register)

**112.** উপভাষা সম্পর্কিত কোন মন্তব্যটি সঠিক ?

(1) কোনো একটি ভাষার এক উপভাষা ব্যবহারকারী অন্য উপভাষা ব্যবহারকারীর ভাষা বুঝতে পারে।

(2) উপভাষা বৃহত্তর একক এবং ভাষা ক্ষুদ্রতর একক।

(3) কখনো কখনো ভিন্ন ভিন্ন সামাজিক গোষ্ঠী একই ভাষার বিভিন্ন উপভাষায় কথা বলতে পারে।

(4) কোনো ভাষার উপভাষাগুলির আঞ্চলিক বিভিন্নতা থাকে।

**113.** নীচের কোন কর্ম-ভারটি (task) অখণ্ড বা সম্পূরিত (integrated) দক্ষতার পোষকতা করে ?

(1) অর্পিত কর্ম দায়িত্ব (Assignment)
(2) কর্ম-প্রকল্প (Project work)
(3) একটি রচনা বা নিবন্ধ লিখন
(4) চরিত্রাভিনয় (Role-play)

**114.** নীচের কোনটি 'ভাষা সম্পর্কে জানা'-কে নির্দেশ করে ?

(1) প্রণালীমূলক (Procedural) জ্ঞান

(2) ব্যাকরণিক (Grammatical) জ্ঞান

(3) কৌশলগত পারংগমতা (Strategic Competence)

(4) ঘোষণামূলক (Declarative Knowledge) জ্ঞান

www.careerindia.com

CAREERINDIA

**115.** ষষ্ঠ শ্রেণির শিক্ষিকা পাঠ্য বিষয়ের সঙ্গে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান ও অভিজ্ঞতার সংযোগ ঘটানোর জন্য অনুশীলন করান। কিন্তু কোনো গল্প পড়ানোর আগে তিনি শিক্ষার্থীদের সেই গল্পের ছবিগুলি দেখতে বলেন। - এর দ্বারা তিনি শিক্ষার্থীদের কী করাতে চান ?

(1) ছবিগুলির প্রশংসা করাতে
(2) পাঠ্য বিষয় সম্পর্কে পূর্বানুমান করাতে
(3) ছবিগুলিকে অনুধাবণ করাতে
(4) ছবিগুলির মাধ্যমে গল্পটিকে প্রত্যক্ষ করাতে

**116.** নীচের কোনটি ধ্রুপদী ভাষার পর্যায়ভুক্ত **নয়** ?

(1) সংস্কৃত (2) তেলগু (3) হিন্দি (4) তামিল

**117.** শিক্ষার্থীদের দ্বারা ধারাবাহিকভাবে নথিবদ্ধ শিখন-দৃষ্টান্তগুলিকে বলা হয় ঃ

(1) নিরবচ্ছিন্ন সর্বাত্মক মূল্যায়ন (Continuous Comprehensive Assessment)
(2) কুশলতা মূল্যায়ন (Proficiency assessment)
(3) নির্ণায়ক অভীক্ষা (Diagnostic test)
(4) পোর্টফোলিও

**118.** প্রসঙ্গ-ভিত্তিক ব্যাকরণ (Context grammar) শিক্ষণের নিম্নলিখিত কৌশলটি কী নামে পরিচিত ?
ব্যাকরণিক উপাদানগুলিকে কোনো প্রসঙ্গের প্রেক্ষাপটে রেখে পরিচিত করানো, ভাষিক উপাদানগুলিকে লক্ষ্য করানো, দৈনন্দিন বাস্তব জীবনে সেগুলি ব্যবহার করানো এবং সেগুলির সংগঠন আবিষ্করণে উৎসাহ জোগানো।

(1) অবরোহী পদ্ধতি (Deductive method)
(2) আবিষ্করণ পদ্ধতি (Discovery method)
(3) চেতনা বা সচেতনতা জাগরণ (Consciousness raising)
(4) উদাহরণ সৃজন (Creating a Schema)

**119.** ভাষা শিখনে 'পদ্ধতিগত সামর্থ্য বা পারংগমতা' ('systemic competence') কী ?

(1) ভাষার একটা ব্যাকরণগত প্রণালি আছে - তা অনুধাবণ করা ও প্রয়োগ করা।
(2) সমস্ত ভাষারই একটা সাধারণ (common) সাংগঠনিক প্রণালি বর্তমান - তা অনুধাবণ।
(3) প্রতিটি মানুষের মধ্যেই অনেক ভাষার একটা প্রণালি (system) আছে - তা অনুধাবণ।
(4) ভাষা একটা প্রণালি হিসেবে কাজ করে - তা অনুধাবণ করা এবং প্রয়োগ করা।

**120.** ষষ্ঠ শ্রেণির শিক্ষিকা কথন বিষয়ক কার্য হিসেবে নীচের কার্যভার বা টাস্কটি তৈরি করলেন ঃ
*'মরুভূমি ও সেখানকার আবহাওয়া সম্পর্কে পাঁচটি বাক্য বলো।'*
টাস্ক হিসেবে এটিকে কি ভালো বলা যায় ? অথবা না ? নীচের বিকল্পগুলি থেকে কারণসহ সঠিক উত্তরটি নির্বাচন করুন ঃ

(1) ভালো টাস্ক, কারণ এখানে শিক্ষার্থীদের কিছু বলতে হবে, এক্ষেত্রে মরুভূমি বিষয়ে।
(2) ভালো টাস্ক নয়, কারণ কোনো কোনো শিক্ষার্থী মরুভূমি বিষয়ে নাও জানতে পারে।
(3) ভালো টাস্ক নয়, কারণ মরুভূমি ও তার আবহাওয়া সম্পর্কে কোনো ইনপুট না থাকায় এর কোনো বিষয়-ভিত্তি বা আধেয় নেই।
(4) ভালো টাস্ক, কারণ শিশুরা অবশ্যই ভূগোল পড়ার সময় মরুভূমি সম্পর্কে জেনেছে এবং সে সম্পর্কে বলার ইনপুট পেয়েছে।

www.careerindia.com

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **Language-II** only.

www.careerindia.com

CAREERINDIA

# PART-V
# LANGUAGE-II
# BENGALI

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

আমাদের এই পল্লিকে সদ্‌গোপ পল্লি বলিতে পারি। সকল পল্লিবাসীরই নিজের বাড়ি ছিল - একতলা বা দুইতলা। তিনতলার বাড়ি মাত্র একটিই দেখিয়াছি। প্রত্যেক বাড়ির সামনে রোয়াকে প্রতি সন্ধ্যায় আসর বসিত। কোনও কোনও রোয়াকে পাশা খেলা বা দাবা খেলা হইত। সেকালের গল্পগুজবেও যেন একটা নীরবতার ভাব ছিল। কেহই যেন চেঁচাইত না। একালের কলিকাতায় সকলেই যেন বড়ো মুখর। আর রাজনীতির সুবাদে চারিদিকে কেবল চিৎকার।

আমাদের এই পল্লির চরিত্র সম্বন্ধে কিছু বলিতে ইচ্ছা করি। আমরা ছিলাম এই ঘটি সমাজে বাঙাল এবং আমরা ভাড়াবাড়িতে বাস করি। কিন্তু আমাদের কেহই তুচ্ছ করিত না, কেহ কেহ আমাদের বাংলা ভাষা লইয়া একটু রঙ্গব্যঙ্গ করিত, কিন্তু তাহার মধ্যে কোনও বিদ্বেষ ছিল না। পল্লির অধিকাংশ মানুষ হয় দোকান চালাইত, না হয় দোকানের কর্মচারী ছিল। খুব বড়ো চাকুরি কেহই বড়ো করিত না। তবে বদ্রীদাস টেম্পল স্ট্রিটের একজন বাসিন্দা কলিকাতার মেয়র হইয়াছিলেন। তাঁহার নাম ছিল সুধীর রায়চৌধুরী। এই সুধীর রায়চৌধুরীকে দেখিয়াছি পল্লির বেকার যুবকদের সঙ্গে গল্প করিতেছেন। পাড়ায় বার্ষিক থিয়েটারে ধনী-দরিদ্র, শিক্ষিত-অশিক্ষিত একাকার হইয়া যাইত। রোয়াকে যাহারা গল্প করিত তাহাদের মধ্যে কেহ বিত্তশালী আবার কেহ বিত্তহীন। অবশ্য কাহারও মোটরগাড়ি ছিল না। সেকালের সামাজিক ডেমোক্র্যাসি যেন একালে দেখি না। আমার পিতাকে পল্লির মাতব্বরেরা বিশেষ ভক্তিশ্রদ্ধা করিতেন। সরস্বতী পূজার সময় অনেকে তাঁহাদের ছেলেমেয়েদের আমাদের পূজায় অঞ্জলি দিতে পাঠাইয়া দিতেন। ঈর্ষা, অহংকার কাহারও মধ্যে দেখি নাই। কে বড়ো কে ছোটো ইহা লইয়া কোনও তর্ক শুনি নাই। পাড়ার কোনও ছেলে যদি কোনও অন্যায় করিত তাহা হইলে সে তিরস্কৃত হইত।

**121.** বক্তাদের পল্লীর বেশিরভাগ বাসিন্দাই ছিল ঃ

(1) সাধারণ চাকরিজীবী
(2) উচ্চপদস্থ চাকরিজীবী
(3) কর্মহীন, বেকার
(4) ব্যবসার সঙ্গে যুক্ত

**122.** রচনাটি মূলত ঃ

(1) ঐতিহাসমূলক
(2) আত্মজীবনীমূলক
(3) ক্ষেত্রসমীক্ষামূলক
(4) সমাজতত্ত্বমূলক

**123.** গদ্যাংশের সর্বশেষ পঙ্‌ক্তিটি কোন শ্রেণির বাক্যের দৃষ্টান্ত ?

(1) জটিল বাক্য
(2) সরল বাক্য
(3) মিশ্র বাক্য
(4) যৌগিক বাক্য

www.careerindia.com

CAREERINDIA

**124.** 'কেহ কেহ আমাদের বাংলা ভাষা লইয়া একটু রঙ্গব্যঙ্গ করিত . . .।' - এখানে 'আমাদের বাংলা ভাষা' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন ?

(1) তাঁদের ত্রুটিপূর্ণ বাংলা ভাষা

(2) তাঁদের ব্যক্তিগত বিশিষ্টতাপূর্ণ বাংলা ভাষা

(3) তাঁদের বিশিষ্ট আঞ্চলিক বাংলা উপভাষা

(4) তাঁদের বিশিষ্ট সামাজিক বাংলা উপভাষা

**125.** আঞ্চলিক ভাষাগোষ্ঠীর সংখ্যার বিচারে সদ্‌গোপ পল্লিটি ছিল ঃ

(1) ঘটি সর্বস্ব (2) বাঙাল প্রধান (3) বাঙাল শূন্য (4) ঘটি প্রধান

**126.** "সদ্‌গোপ পল্লির সকলেরই নিজের বাড়ি ছিল।" - কারণ ঃ

**(ক)** পল্লির সকলেই অত্যন্ত বিত্তশালী ছিলেন।

**(খ)** পল্লির সুধীর রায়চৌধুরী কলকাতার মেয়র হয়েছিলেন।

(1) কারণ **(ক)** ঠিক, কিন্তু **(খ)** ভুল

(2) কারণ **(ক)** এবং **(খ)** - দুটোই ঠিক

(3) কারণ **(ক)** এবং **(খ)** - দুটোই ভুল

(4) কারণ **(ক)** ভুল, কিন্তু **(খ)** ঠিক

**127.** 'সেকালের গল্পগুজবেও যেন একটা নীরবতার ভাব ছিল। কেহই যেন চেঁচাইত না।' - একথা বলার উদ্দিষ্ট অর্থ এই যে, সেকালের মানুষদের মধ্যে ঃ

(1) আত্মজাহিরের প্রবণতা ছিল না

(2) প্রাণময়তার অভাব ছিল

(3) আত্মবিশ্বাসের অভাব ছিল

(4) কিছুতেই সক্রিয় অংশগ্রহণের প্রবণতা ছিল না

**128.** গদ্যাংশটিতে কেবল একটি ব্যক্তির নামের উল্লেখ করা হয়েছে। লেখক সেই ব্যক্তিকে কী কারণে সবিশেষ উল্লেখযোগ্য মনে করেছেন ?

(1) ব্যক্তিটি উচ্চপদমর্যাদাসম্পন্ন হয়েও পাড়ার বেকার যুবকদের সঙ্গে মিশতেন

(2) তাঁকে পল্লীর মাতব্বররা ভক্তি-শ্রদ্ধা করতেন

(3) তিনি পাড়ার বার্ষিক থিয়েটারে অংশগ্রহণ করতেন

(4) ব্যক্তিটি উচ্চপদমর্যাদাসম্পন্ন হয়েও সদ্‌গোপ পল্লিতে বাস করতেন

www.careerindia.com

**নির্দেশ ঃ নিম্নোদ্ধৃত গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন ঃ**

সরা চিত্রণের কাজে প্রথমত সরার উত্তল আকৃতির অর্থাৎ কচ্ছপের পিঠের মতো উঁচু পিঠটি ঘসে মসৃণ করা হয়। তারপর তার ওপর দেওয়া হয় খড়িমাটির প্রলেপ। এবার অভিজ্ঞ শিল্পী বলিষ্ঠ কালো রেখা টেনে কয়েকভাগে বিভক্ত করে তার মধ্যে মধ্যে নকশার রেখাচিত্র এঁকে দেন। সে রং শুকিয়ে গেলে আঁকা হয় লক্ষ্মী ও লক্ষ্মীর পেঁচা, ধানের শিষ, কড়ি ইত্যাদি। এবার প্রতিমার দেহ মায় কাপড়, চুল, চোখ ও গয়নার ওপর নির্দিষ্ট রং লাগানো হয়। প্রধান শিল্পী ছাড়া পরিবারের মহিলারা সকলেই কর্মবিভাজন অনুসারে এই চিত্রণের কাজ করে থাকেন। ছবি আঁকার কাজ শেষ হলে স্বচ্ছতা ও ঔজ্জ্বল্য বৃদ্ধির জন্য সাবুর আঠার বা তেঁতুল গাদের প্রলেপ দিয়ে তার ওপর প্রয়োগ করা হয় গর্জন বা ঘাম তেল, যা কিনা রজন গোলা তার্পিন তেল।

সরা চিত্রের বিষয়বস্তু মূলত দেবী লক্ষ্মী। লক্ষ্মী ছাড়া দুর্গা ও রাধাকৃষ্ণ মূর্তি আঁকা সরাও উল্লেখযোগ্য। উল্লেখ্য যে, ছবিটি যদি লক্ষ্মীর না হয়ে অন্য কোনো দেবীর হয় তাহলে নীচের দিকে অবশ্যই থাকবে লক্ষ্মীর ছবি। এ ছাড়া মূল দেবীমূর্তির দুপাশে দুজন বা চারজন সহচরী অঙ্কিত হলে সেগুলিকে যথাক্রমে তিন পুতুলের সরা বা পাঁচ পুতুলের সরা বলে চিহ্নিত করা হয়। সব মিলিয়ে বর্ণবিন্যাসে ও রেখাঙ্কনে সৃষ্ট সরায় উৎকীর্ণ চিত্রগুলি ছিল গ্রাম্য সরলতার প্রতিমূর্তি।

অন্যদিকে স্থানভেদে ভিন্ন ভিন্ন ধারায় যে চিত্ররীতি গড়ে উঠেছিল, সেগুলি আলাদা আলাদা নামকরণেও ভূষিত ছিল। যেহেতু আচার্যরা এই সরা চিত্রিত করতেন সেজন্য তাদের সৃষ্ট এই সরাকে অনেক সময় বলা হয় আচার্যি সরা। একসময়ে পূর্ববাংলার (বর্তমান বাংলাদেশ) ফরিদপুর জেলার সুরেশ্বর গ্রামে যে বিখ্যাত সরা প্রস্তুত হত তার নাম ছিল সুরেশ্বরী সরা। সে সরাগুলির ওপরের অংশে মহিষমর্দিনী দুর্গা ও তার পুত্রকন্যাদের চিত্র এঁকে নীচের অংশে লক্ষ্মী ও পেঁচার ছবি অঙ্কন করা হত। অন্যদিকে ঢাকায় প্রস্তুত সরাকে বলা হত ঢাকাই সরা, যার অঙ্কনশৈলী মোটামুটি সুরেশ্বরী সরার মতোই।

সরার ছবিগুলি আঁকা হয় মোটা তুলির পোঁচে অতি দ্রুততার সঙ্গে। লাল বা কালো রং-এর বর্ডার এঁকে মধ্যেকার জায়গায় লাল, হলুদ, নীল ও সবুজ রং দিয়ে ভরাট করে দেওয়া হয়। সেজন্য গোটা চিত্রটির মধ্যে চালচিত্র অঙ্কনের শিল্পরীতির আদর্শ লক্ষ্য করা যায়। অন্যদিকে সরাতে দেবদেবীর মুখের অবয়বটি শুধু বিশেষভাবে তুলে ধরা হলেও বাকি হাত-পা ও চুল ইত্যাদি অতি দ্রুত টানা রেখা দিয়ে রূপায়িত করা হয়। ঠিক সেইভাবেই কয়েকটি রেখার টানে দেহের গঠন, কাপড়ের ভাঁজ ও শাড়ি আঁচলের আভাস দেওয়া হয়। অতি দ্রুত আঁকতে হয় বলেই সরাচিত্রে অলংকৃত নকশার তেমন বাহুল্য চোখে পড়ে না।

**129.** নীচের কোন মন্তব্যটি সঠিক ?

(1) সরাচিত্রে লক্ষ্মী না থাকলে তাঁর সহচরীরা চিত্রিত হন।

(2) অন্যান্য দেবদেবীর সরাচিত্রে কেবল সেইসব দেবদেবীই চিত্রিত হন।

(3) অন্যান্য দেবদেবীর সরাচিত্রেও লক্ষ্মী চিত্রিত হন।

(4) সরাচিত্রে কেবল দেবী লক্ষ্মীই চিত্রিত হন।

**130.** সরাচিত্র প্রস্তুতির পর্যায়ক্রম কোনটি ?

(1) সরা ঘষা - খড়িমাটির প্রলেপ - নকশা আঁকা - লক্ষ্মী আঁকা - গাদের প্রলেপ

(2) সরা ঘষা - খড়িমাটির প্রলেপ - নকশা আঁকা - গাদের প্রলেপ - লক্ষ্মী আঁকা

(3) সরা ঘষা - গাদের প্রলেপ - নকশা আঁকা - খড়িমাটির প্রলেপ - লক্ষ্মী আঁকা

(4) সরা ঘষা - খড়িমাটির প্রলেপ - লক্ষ্মী আঁকা - নকশা আঁকা - গাদের প্রলেপ

CAREERINDIA

**131.** গদ্যাংশটির আলোচ্য বিষয় কী ?

(1) লৌকিক প্রথা (2) লোকচিত্রকলা (3) লোকসংস্কার (4) লৌকিক দেবদেবী

**132.** 'উত্তল' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি ?

(1) নিস্তল (2) অবতল (3) অনুত্তল (4) অতল

**133.** গদ্যাংশটিতে সরাচিত্রের ক'টি স্থানিক ধারার উল্লেখ করা হয়েছে ?

(1) দুটি (2) তিনটি (3) চারটি (4) একটি

**134.** গদ্যাংশের প্রথম অনুচ্ছেদে লেখক সরা চিত্রণের কোন দিকটির বর্ণনা দিয়েছেন ?

(1) বিষয়বস্তুর (2) চিত্রণ শৈলীর (3) স্থানিক বৈচিত্র্যের (4) চিত্রণ-প্রক্রিয়ার

**135.** সরাচিত্র তৈরি করতে কোন উপাদানটি ব্যবহার করার প্রয়োজন হয় না ?

(1) তেঁতুল (2) কড়ি (3) তার্পিণ তেল (4) রজন

**136.** কৃপা ও করণ যমজ ভাই এবং তারা মণিপুরী ভাষার একটি উপভাষায় কথা বলে। তবুও তাদের ভাষার মধ্যে পার্থক্য দেখা যায়। উপভাষাটি ব্যবহারের এই বিশিষ্ট নিজস্বতাকে কী নামে চিহ্নিত করা হবে ?

(1) উপভাষা (Dialect) (2) কথন কার্য (Speech act)

(3) মণিপুরী (4) নিজস্বভাষা (Idiolect)

**137.** অদিতি পুরাঘটিত অতীত কালের নিয়মগুলি জানে কিন্তু কোনো প্রসঙ্গে (context-এ) কালটি ব্যবহার করতে পারে না। অদিতির এই জ্ঞানকে কী বলা হবে ?

(1) প্রাকরণিক (Procedural) জ্ঞান

(2) ঘোষণাত্মক (Declarative) জ্ঞান

(3) জ্ঞানের প্রয়োগ (Application of knowledge)

(4) ভাষা অর্জন প্রকরণ (Language acquisition device)

**138.** শিক্ষার্থী ভাষার ক্রিয়াশীলতাকে একটি সিস্টেম বা প্রণালি হিসেবে অনুধাবণ এবং প্রয়োগ করে ঃ

(1) প্রণালিবদ্ধ পারঙ্গমতা (systemic competence)

(2) সমাজ-ভাষাতাত্ত্বিক পারঙ্গমতা

(3) কৌশলগত (strategic) পারঙ্গমতা

(4) যোগাযোগমূলক পারঙ্গমতা

www.careerindia.com

CAREERINDIA

**139.** সপ্তম শ্রেণির শিক্ষক তাঁর শিক্ষার্থীদের একটি ছোটো পাঠ পড়তে দিলেন। তিনি চান শিক্ষার্থীরা সেটি পড়ে পাঠে বর্ণিত মানুষজন ও সম্প্রদায়টির আত্মপরিচয় ও ক্ষমতা অনুধাবণ করুক। শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে কীসের উন্নয়ন ঘটাতে চান ?

(1) বৈচারিক সাক্ষরতা (Critical Literacy)

(2) বিশ্লেষণমূলক পঠন (Analytical reading)

(3) সাহিত্যিক দক্ষতাসমূহ (Literary skills)

(4) ভাষা সাক্ষরতা (Language Literacy)

**140.** অশ্বিন জন্মকাল থেকেই ওড়িয়া জানে এবং সে ইংরেজি ও হিন্দি অধ্যয়ন করছে। - এই বিবৃতির ভিত্তি অনুযায়ী নীচের কোন বিবৃতিটি **সত্যি নয়** ?

(1) তার হিন্দি শিখন হচ্ছে ভাষা শিখন (Language learning)

(2) তার ইংরেজি শিখন হচ্ছে ভাষা শিখন

(3) তার ইংরেজি শিখন হচ্ছে ভাষা অর্জন

(4) তার ওড়িয়া শিখন হচ্ছে ভাষা অর্জন (Language acquisition)

**141.** ঔপকরণিক প্রেরণা (Instrumental motivation) হচ্ছে যখন কোনো ব্যক্তি ঃ

(1) দেশীয় ভাষাগোষ্ঠীর সঙ্গে ঘনিষ্ঠ হবার জন্য ভাষাটি শেখে

(2) নিজ সম্প্রদায়ের ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানগুলির জন্য ভাষাটি শেখে

(3) কোনো গ্রন্থ রচনার জন্য ভাষাটি শেখে

(4) চাকরি ইত্যাদির মতো কোনো উপযোগিতামূলক কারণে ভাষাটি শেখে

**142.** প্রদত্ত পাঠটি পড়ে এটি কোন ভাষা নিরুক্তি বা ভাষা রেজিস্টারের অন্তর্ভুক্ত শনাক্ত করুন ?

'বিপ্লবের পর, হঠাৎই, মনে হল এটা পরিবর্তন করা সম্ভব। ইউরোপ ও এশিয়া সহ পৃথিবীর বহু অংশে ব্যক্তির অধিকারসমূহ এক সামাজিক ক্ষমতার নিয়ন্ত্রক কারা, সে বিষয়ে নতুন নতুন ভাবনাচিন্তা ও তার আলোচনা শুরু হয়েছিল। ভারতে রাজা রামমোহন রায় এবং ডিরোজিও ফরাসি বিপ্লবের গুরুত্বের কথা বলেছেন। এর ফলে উপনিবেশগুলির উন্নয়ন ঘটল এবং সমাজ পরিবর্তনের চিন্তা নতুন রূপ নিল।'

(1) রাজনৈতিক রেজিস্টার

(2) সমাজ বৈজ্ঞানিক রেজিস্টার

(3) বৈপ্লবিক রেজিস্টার (Revolution register)

(4) বৈজ্ঞানিক রেজিস্টার (Science register)

www.careerindia.com

CAREERINDIA

**143.** অষ্টম শ্রেণির শিক্ষক সুভাষের আক্ষেপ, 'সাধারণত ভাষা মূল্যায়নে গ্রহণ দক্ষতাকে (receptive skill) গুরুত্ব দেওয়া হয় না।' - তিনি 'গ্রহণ দক্ষতা' বলতে কী বোঝাতে চান ?

(1) কথন এবং পঠন (2) শ্রবণ এবং পঠন (3) কথন এবং লিখন (4) শ্রবণ এবং লিখন

**144.** শ্রবণের 'টপ-ডাউন' পদ্ধতির অন্তর্গত ঃ

(1) কোনো বক্তৃতা বা পাঠ অথবা শ্রুতিধ্বনিগত (audio) বিষয়ের সারাংশ শোনা

(2) পাঠ (text), বক্তৃতা বা শ্রুতিভাষ-এর সামগ্রিক বার্তাটুকু (overall message) শোনা

(3) প্রতিটি ধ্বনি, শব্দ, শব্দগুচ্ছ, বাক্যখণ্ড এবং বাক্য শোনা

(4) নির্দিষ্ট কোনো তথ্যের বিশদ বর্ণনার প্রতি মনোযোগ

**145.** জাতীয় শিক্ষানীতি (NEP) 2020 প্রস্তাবিত ধ্রুপদী ভাষা অধ্যয়ন সংক্রান্ত কোন মন্তব্যটি **সঠিক** ?

(1) ত্রিভাষা সূত্রের অন্তর্গত একটি বিকল্প হিসেবে ধ্রুপদী ভাষার অধ্যয়ন

(2) বুনিয়াদি বা প্রস্তুতি স্তরে (Preparatory stage) ধ্রুপদী ভাষার অধ্যয়ন

(3) মাধ্যমিক স্তরে একটি মূল (core) ভাষা হিসেবে ধ্রুপদী ভাষার অধ্যয়ন

(4) মাধ্যমিক স্তরে একটি অতিরিক্ত বিকল্প হিসেবে ধ্রুপদী ভাষার অধ্যয়ন

**146.** ভাষা শ্রেণিতে একটি প্রকল্প-কার্যের (Project Work) বিন্যাস ও সম্পাদনের ক্রম-পর্যায় হচ্ছে ঃ

(1) দল গঠন, বিষয় চিহ্নিতকরণ, পরিকল্পনা, তথ্য সংগ্রহ, তথ্য বিচার, খসড়া লিখন এবং চূড়ান্ত প্রতিবেদন নির্মাণ

(2) দল গঠন, বিষয় চিহ্নিতকরণ, পরিকল্পনা, তথ্য সংগ্রহ, খসড়া লিখন, তথ্য বিচার এবং চূড়ান্ত প্রতিবেদন নির্মাণ

(3) শিক্ষক এবং শিক্ষার্থীরা যেভাবে খুশি প্রকল্প-কার্যের বিন্যাস ও সম্পাদন করতে পারেন

(4) দল গঠন, পরিকল্পনা, তথ্য সংগ্রহ, তথ্য বিচার, খসড়া লিখন, বিষয় চিহ্নিতকরণ এবং চূড়ান্ত প্রতিবেদন নির্মাণ

**147.** কোন মন্তব্যটি ভাষা সম্পর্কে সঠিক **নয়** ?

(1) ভাষা ইতিহাসের এক ভাণ্ডার (repository)

(2) ভাষা মানব-জ্ঞানের সামগ্রিক ভাণ্ডারকে সমৃদ্ধ করে

(3) কিছু ভাষা কেবলমাত্র বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিংকে বেশি ভালোভাবে ব্যক্ত করতে পারে

(4) ভাষা আত্মপরিচয় (identity) প্রকাশ করে

www.careerindia.com

**148.** যে অভীক্ষার মাধ্যমে কোনো শিক্ষার্থীর ব্যক্তিগত দুর্বলতার জায়গাগুলি শনাক্ত করতে এবং সেগুলি শক্তিশালী করতে চাওয়া হয়, তা হচ্ছে ঃ

(1) যথার্থতা (Validity) অভীক্ষা (2) নির্ণায়ক (Diagnostic) অভীক্ষা

(3) গঠনগত (Formative) অভীক্ষা (4) নৈর্ব্যক্তিক (Objective) অভীক্ষা

**149.** ভারতীয় সংবিধানে ইংরেজি ভাষাকে কীসের মর্যাদা দেওয়া হয়েছে ?

(1) সহযোগী সরকারি ভাষা (Associate Official Language)

(2) বিদেশি ভাষা (Foreign Language)

(3) বিধিবদ্ধ সংস্থার (Statutory body) ভাষা

(4) সরকারি ভাষা (Official Language)

**150.** সপ্তম শ্রেণির শিক্ষিকা তাঁর শিক্ষার্থীদের একজন মানুষের বর্ণনা লেখার কাজ দিলেন। তিনি বাইরে থেকে ঝুড়ি সমেত একজন হকারকে শ্রেণিকক্ষে নিয়ে এলেন। তিনি হকারটিকে সেখানে সাত মিনিট থাকার জন্য অনুরোধ করলেন। তারপর তিনি শিক্ষার্থীদের জোড় বেঁধে অর্থাৎ যুগ্মভাবে সেই মানুষটির বর্ণনা লিখে ফেলতে বললেন।

- এখানে ব্যবহৃত মানুষটিকে কী বলা হবে ?

(1) একজন ফেরিওয়ালা বা হকার

(2) বর্তমান কার্যক্রমের অংশগ্রহণকারী

(3) উপাদান বা উপকরণ (Materials)

(4) শিক্ষণ সহকারী (Teaching Assistant)

- o 0 o -

www.careerindia.com

CAREERINDIA

SPACE FOR ROUGH WORK

www.careerindia.com

**নিম্নলিখিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল / কালো বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে। একবার উত্তর চিহ্নিতকরণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, (OMR) উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবে না, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না। পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না।
4. পরীক্ষা পুস্তিকা এবং (OMR) উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন। কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না। শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং (OMR) উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/(OMR) উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন।
6. মেশিন কেবলমাত্র (OMR) উত্তরপত্রে দেওয়া সংকেতই পড়তে পারবে। তাই কোনো তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোনো পার্থক্য থাকবে না।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষা হলে আনা চলবে না। এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোনো ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের (OMR) উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না। যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর (OMR) উত্তরপত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে। **পরীক্ষার্থীরা তাদের বাম হাতের বুড়ো আঙ্গুলের ছাপ হাজিরা পত্রে দেওয়া স্থানে অবশ্য লাগান।**
12. ইলেক্ট্রনিক/ হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য। কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ী সম্পন্ন হবে।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও (OMR) উত্তরপত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর (OMR) উত্তরপত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন। পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন।**

www.careerindia.com

CAREERINDIA

## निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **नीले/काले बॉल पॉइन्ट पेन** से भरें। एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस OMR उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ। परीक्षार्थी अपना अनुक्रमांक OMR उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें।
4. परीक्षा पुस्तिका एवं OMR उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं OMR उत्तर पत्र के कोड या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी।
5. परीक्षा पुस्तिका/OMR उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका कोड व संख्या को परीक्षार्थी सही तरीके से उपस्थिति-पत्र में लिखें।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी। इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्विच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए। इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और परीक्षार्थी विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें।
11. कार्यरत निरीक्षक को अपना OMR उत्तर पत्र दिए बिना एवं उपस्थिति-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे। यदि किसी परीक्षार्थी ने दूसरी बार उपस्थिति-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने OMR उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा। **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान उपस्थिति-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ।**
12. इलेक्ट्रॉनिक/हस्तचालित परिकलक का उपयोग वर्जित है।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी परीक्षण संस्था के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं। अनुचित साधनों के सभी मामलों का फैसला परीक्षण संस्था के नियमों एवं विनियमों के अनुसार होगा।
14. किसी भी परिस्थिति में परीक्षा पुस्तिका और OMR उत्तर पत्र का कोई भाग अलग न करें।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल/कक्ष छोड़ने से पूर्व OMR उत्तर पत्र निरीक्षक को अवश्य सौंप दें।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं।***

## READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Blue / Black Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the OMR Answer Sheet is not folded. Do not make any stray marks on the OMR Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the OMR Answer Sheet.
4. Handle the Test Booklet and OMR Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and OMR Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet/OMR Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against the candidate including cancellation of examination.
9. Each candidate must show on demand his/her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their OMR Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the OMR Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic/Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Examining Body with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Examining Body.
14. No part of the Test Booklet and OMR Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the OMR Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***

www.careerindia.com